ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৪৬
সোনামুড়া, ০২ জানুয়ারি, ২০২৫

**প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা**

**মোহনভোগ ব্লকে ৩ জন মৎস্যজীবিকে আইসবক্স**

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় সোনামুড়া মহকুমায় মোহনভোগ ব্লকে ৩ জন মৎস্যজীবিকে আইস বক্স দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১২ হাজার টাকা। ব্লকের আনন্দপুর, দক্ষিণ তৈবান্দাল ও দশরথবাড়ি এডিসি ভিলেজের ৩ জন মৎস্যজীবি এই সহায়তা পেয়েছেন। তাছাড়া চলতি অর্থবছরে মোহনভোগ ব্লকের দক্ষিণ তৈবান্দাল ও উত্তর তৈবান্দাল এডিসি ভিলেজের ২ জন মৎস্যচাষীকে মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ২৩ হাজার ৮০০ টাকা। মোহনভোগ মৎস্য তত্ত্বাবধায়ক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****